গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বি.এম.টি.টি.আই)-এ কর্মরত ০৪(চার) জন প্রভাষকের (নন ক্যাডার) সহকারী অধ্যাপক (নন ক্যাডার) পদে পদোন্নতি প্রদানের জন্য বিভাগীয় কমিটির সভার কার্যবিবরনীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ.কে.এম জাকির হোসেন ভূঞা<br>অতিরিক্ত সচিব (মাদ্রাসা)<br>কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২৩ এপ্রিল ২০১৭ |
| সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা। |
| স্থান | : | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ। |

সভার উপস্থিতিঃ

১. জনাব সফিউদ্দিন আহমদ, যুগ্ম-সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. জনাব মো: বিল্লাল হোসেন, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩. জনাব মু:আ: হামিদ জমাদ্দার, যুগ্ম-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪. জনাব মো: মনিরুজ্জামান, যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাগত বক্তব্যে তিনি বলেন সরকারি চাকুরিতে পদোন্নতি একটি কাঙ্ক্ষিত বিষয়। যথাসময়ে যোগ্য ব্যক্তিদের পদোন্নতি প্রদান করলে সংশ্লিষ্টদের কর্মস্পৃহা বেড়ে যায়, তখন তাদের কাছ থেকে সঠিক সেবা পাওয়া যায়। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের যুগ্ম-সচিব জনাব মোঃ মনিরুজ্জামান বলেন যোগ্যতা এবং স্ব-স্ব ক্ষেত্রে পারদর্শি হলে তাদের পদোন্নতিতে সুপারিশ করা যায়। অতঃপর সভাপতি মহোদয় উপ-সচিব (মাদ্রাসা) জনাব মো: ওয়াদুদ হোসেনকে বি.এম.টি.টি.আই-এর ০৪(চার) জন কর্মকর্তার প্রভাষক পদ থেকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে তিনি সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করেন।

**প্রভাষক থেকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির শর্তাদিঃ**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বি.এম.টি.টি.আই)-এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাদি প্রযোজ্য।

(১) সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মধ্যমে নিয়োগ করা যাবে।

(২) চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে। তা না হলে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবে না।

(৩) পদোন্নতির মাধ্যমে নিয়োগ দেয়া হবে।

(৪) পদোন্নতির ক্ষেত্রে প্রভাষক পদে ৬ (ছয়) বছরের চাকুরী অভিজ্ঞতা থাকতে হবে।

উপরে বর্ণিত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনিস্টিটিউট (বি.এম.টি.টি.আই) এর নিয়োগ বিধি অনুযায়ী প্রভাষক পদ হতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির মাধ্যমে পূরণের বিধান রয়েছে। পদোন্নতির ক্ষেত্রে প্রভাষক পদে ৬(ছয়) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে মর্মে নিয়োগ বিধিতে উল্লেখ রয়েছে। বর্ণিত কর্মকর্তাগণের চাকুরী ১৫ বছর পূর্ণ হয়েছে। তাদের চাকুরি বাংলাদেশ কর্ম কমিশনের সুপারিশের প্রেক্ষিতে নিয়মিতকরণ করা হয়েছে।

**সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়োগ সংক্রান্ত তথ্যাদিঃ**

**কর্মকর্তাদের নিয়োগঃ** শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বি.এম.টি.টি.আই) শীর্ষক প্রকল্পটি জানুয়ারী ১৯৯৬ সালে শুরু হয়ে জুন ২০০১ এ সমাপ্ত হয়। উক্ত প্রকল্পের ৫২টি পদের মধ্যে প্রভাষক পদসমূহ থেকে ০৪(চার)টি পদে ০৪(চার) জন কর্মকর্তা নিয়োগ পান এবং ২৭/০৬/২০০১ তারিখ প্রভাষক পদে যোগদান করেন।

**প্রকল্প রাজস্ব খাতে স্থানান্তরঃ** জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-সম/সওব্য/টিম-৩(২)-শিম-৫/২০০১-৩৯ ও তারিখ ০৫/০৩/২০০২, নং-সম/সওব্য/টিম-৩(২)-শিম-৫/২০০১-৯৭, তারিখ-০৪/০৬/২০০২ এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৬/১০/২০০৩ তারিখের স্মারক নং-অম/অবি/উঃ৬/সাঃশিঃ-২৩/২০০১/৪৩৯, ১১/১২/২০০৩ তারিখের শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শাঃ৬/মাশিউপ্রই-১(রাজস্ব)/২০০১/৯৫২ ও

১৫/০৫/২০০৪ তারিখের স্মারক নং-শাঃ৬/মাশিউপ্রই-১(রাজস্ব)/২০০১/১৯২ মাধ্যেমে উক্ত ৫২টি পদের মধ্যে ৪৪টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে স্থানান্তরিত হয়।

**চাকুরি নিয়মিতকরণ ও পদ স্থায়ীকরণঃ** বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সুপারিশের ভিত্তিতে ০৯/০৩/২০১১ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ ২৩/৪ বি.এম.টি.টি.আই-১/২০০৮/১০৬ মাধ্যমে নিয়মিতকরণ করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬/০৬/২০১৬ তারিখের নং-৩৭.০০.০০০০.০৮৫.০১৫.০০১.০১ (অংশ)/১১০০ ও -৩৭.০০.০০০০.০৮৫.০১৫.০০১.০১(অংশ)/১০৯৯ স্মারক মাধ্যমে তাদের পদসমূহ স্থায়ীকরণ করা হয়।

**কর্মকর্তাদের গ্রেডেশন তালিকাঃ** বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সুপারিশের ভিত্তিতে ৩০/০১/২০১১ তারিখে বাসককম/ইউ-৯/নিয়মিত-১/২০১০/৪৬ নং পত্রের সুপারিশ মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ২৩/৪ বি.এম.টি.টি.আই-১/২০০৮/১০৬ তারিখ-০৯/০৩/২০১১ এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নং-৫৭.২৫.০০০০.০০৬.০১.০০৮.১৭-১৭ স্মারকের ০৮/০৩/২০১৭ তারিখের আলোকে ০৪(চার) জন কর্মকর্তার জ্যেষ্ঠতার তালিকা নিম্নরূপঃ

| ক্রক | নাম ও পদবী | চাকুরীতে যোগদানের তারিখ | জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | জনাব সেলিনা বানু<br>প্রভাষক, গার্হস্থ্য অর্থনীতি | ২৭.০৬.২০০১ | ০৫.০৫.১৯৭১ খ্রিঃ | |
| ২. | ড.মো:নূরুল্লাহ<br>প্রভাষক, ইসলামিক স্টাডিজ | ২৭.০৬.২০০১ | ১০.০৫.১৯৭২ খ্রিঃ | |
| ৩. | জনাব অমল কান্তি বড়ুয়া<br>প্রভাষক, উদ্ভিদবিদ্যা | ২৭.০৬.২০০১ | ০৭.০৫.১৯৭২ খ্রিঃ | |
| ৪. | জনাব মো: মোসলেহ উদ্দিন<br>প্রভাষক, আল-কুরআন | ২৭.০৬.২০০১ | ০১.০৩.১৯৭৫ খ্রিঃ | |

**পদোন্নতিযোগ্য পদের বিবরণঃ**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিটিউট (বি.এম.টি.টি.আই)-এর অর্গানোগ্রাম অনুযায়ী প্রভাষকের পদ মোট ১০(দশ)টি ও সহকারী অধ্যপকের পদ মোট ০৬(ছয়)টি। উল্লেখ্য যে, উক্ত ০৬(ছয়)টি পদে সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ প্রেষণে নিয়োজিত রয়েছেন। প্রস্তাবিত ০৪(চার) জন প্রভাষককে (নন ক্যাডার) সহকারী অধ্যাপক (নন ক্যাডার) পদে পদোন্নতি প্রদান করা হলে প্রেষণে নিয়োজিত সাধারণ শিক্ষা ক্যাডার প্রভাষকগণকে অন্যত্র পদায়নের মাধ্যমে সমন্বয় করতে হবে।

উপস্থাপিত কাগজ-পত্র পর্যালোচনান্তে বিস্তারিত আলোচনার পর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিয়োগ, প্রকল্প রাজস্ব খাতে স্থানান্তরকরণ, চাকুরি নিয়মিতকরণ, পদ স্থায়ীকরণ, ধার্য্যকৃত শূণ্যপদ, জেষ্ঠ্যতার তালিকা, এসিআর যাচাই/বাছাই এবং পদোন্নতির ন্যূনতম যোগ্যতা ইত্যাদি বিবেচনাক্রমে বি.এম.টি.টি.আই-এর নিম্নবর্ণিত ০৪(চার) জন প্রভাষককে (নন ক্যাডার) সহকারী অধ্যাপক (নন ক্যাডার) পদে পদোন্নতি প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়। প্রস্তাবিত ০৪(চার) জন প্রভাষকের চাকুরির তথ্যাদি নিম্নরূপঃ

| **ক্রম** | **নাম, আইডি নং, পদবী, বিষয়** | **চাকুরীতে যোগদানের তারিখ** | **প্রভাষক পদে চাকুরির সময় কাল** | **এসিআর-এর বিবরণ** | **সুপারিশ/সিদ্ধান্ত** |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব সেলিনা বানু, প্রভাষক (গার্হস্থ অর্থনীতি) | ২৭.০৬.২০০১ | ১৫ (পনের) বছর | সন্তোষজনক | সুপারিশ যোগ্য |
| ২ | ড.মোঃ নূরুল্লাহ, প্রভাষক (ইসলামিক স্টাডিজ) | ২৭.০৬.২০০১ | ১৫ (পনের) বছর | সন্তোষজনক | সুপারিশ যোগ্য |
| ৩ | জনাব অমল কান্তি বড়ুয়া, প্রভাষক (উদ্ভিদবিদ্যা) | ২৭.০৬.২০০১ | ১৫ (পনের) বছর | সন্তোষজনক | সুপারিশ যোগ্য |
| ৪ | জনাব মোঃ মোসলেহ উদ্দিন, প্রভাষক (আল কুরআন) | ২৭.০৬.২০০১ | ১৫ (পনের) বছর | সন্তোষজনক | সুপারিশ যোগ্য |

**সিদ্ধান্তঃ**

প্রস্তাবিত বি.এম.টি.টি.আই-এর নিয়োগ বিধি অনুযায়ী সকল শর্তাদি পূরণ হওয়ায় ০৪(চার) জন প্রভাষককে (নন ক্যাডার) সহকারি অধ্যাপক (নন ক্যাডার) পদে পদোন্নতির জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হলো । সহকারী অধ্যাপক (নন ক্যাডার) পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত কর্মকর্তাগণকে পদায়নের আদেশ (জি.ও) জারী এবং পদায়নের পর যোগদানের তারিখ থেকে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এ পদের আর্থিক সুবিধাদি প্রদানের সুপারিশ করা হয় ।

সভার আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত
তাং-৩০/০৪/১৭
(সফিউদ্দিন আহমদ)
যুগ্ম-সচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
সদস্য, বিভাগীয় পদোন্নতি কমিটি

স্বাক্ষরিত
তাং-০৪/০৫/১৭
(মো: বিল্লাল হোসেন)
মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
সদস্য, বিভাগীয় পদোন্নতি কমিটি

স্বাক্ষরিত
তাং-০৪/০৫/১৭
(মু:আ: হামিদ জমাদ্দার)
যুগ্ম-সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সদস্য, বিভাগীয় পদোন্নতি কমিটি

স্বাক্ষরিত
তাং-০৪/০৫/১৭
(মো: মনিরুজ্জামান)
যুগ্ম-সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সদস্য, বিভাগীয় পদোন্নতি কমিটি

স্বাক্ষরিত
(এ.কে.এম জাকির হোসেন ভূঞা)
অতিরিক্ত সচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
সভাপতি, বিভাগীয় পদোন্নতি কমিটি

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১২.১৪২.১৬/ ১৪৩(৮)    তারিখঃ ২৫ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ / ০৮ মে ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. যুগ্ম-সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
৩. জনাব মো: হামিদ জমাদ্দার, যুগ্ম-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪. জনাব মো: মনিরুজ্জামান, যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫. উপ-সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬ সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল ভবন, লিং রোড, ঢাকা।
৭ প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৮ অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরিও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮/০৫/১৭
(মোঃ আবদুল খালেক)
সহকারী-সচিব (মাদ্রাসা-১)